বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

আবশ্যক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

কর্মকর্তা পদ

১। **প্রো-ভাইস চ্যান্সেলর অফিস**
সহকারী রেজিস্ট্রার (কো-অর্ডিনেশন)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ২৯০০০-৬৩৪১০/-।

২। **পানি সম্পদ কৌশল বিভাগ**
সহকারী এক্সপেরিমেন্টাল ইঞ্জিনিয়ার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ২২০০০-৫৩০৬০/-।

৩। **ডাইরেক্টরেট অব কন্টিনিউইং এডুকেশন**
(ক) প্রশাসনিক অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ২২০০০-৫৩০৬০/-।
(খ) সায়েন্টিফিক অফিসার-এর ৪ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ২২০০০-৫৩০৬০/-।

৪। **বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল**
সহকারী মহিলা ওয়ার্ডেন-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ১৬০০০-৩৮৬৪০/-।

৫। **তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ**
সহকারী টেকনিক্যাল অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ১৬০০০-৩৮৬৪০/-।

উল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ ২০/০৪/২০২২

সহকারী রেজিস্ট্রার (কো-অর্ডিনেশন) পদের নির্ধারিত যোগ্যতা:-প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে কমপক্ষে মাষ্টার্স ডিগ্রিধারী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণির পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। Microsoft Word, Microsoft Excel, Microsoft Power Point, Adobe Photoshop-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

সহকারী এক্সপেরিমেন্টাল ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা:- Must have a B.Sc. Engg. Degree in CE/WRE or equivalent degree. Specialized Training will be considered as added qualification.

প্রশাসনিক অফিসার পদের নির্ধারিত যোগ্যতা:-সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতকোত্তর ডিগ্রি এবং কোনো প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বছরের অভিজ্ঞতা/প্রধান সহকারী পদে ৪ বছরের অভিজ্ঞতা/ উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **অথবা** সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে।

সায়েন্টিফিক অফিসার পদের নির্ধারিত যোগ্যতা:- B.Sc. in Engineering Degree or its equivalent.

সহকারী মহিলা ওয়ার্ডেন পদের নির্ধারিত যোগ্যতা: প্রার্থীকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণিসহ মাস্টার্স ডিগ্রি প্রাপ্ত হতে হবে। **অথবা** প্রার্থীকে কমপক্ষে ২য় শ্রেণিসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতক ডিগ্রি প্রাপ্ত এবং শিক্ষা প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: প্রার্থীর বয়স কমপক্ষে ৪০ বছর হতে হবে এবং MS Word-এ বাংলা ও ইংরেজি টাইপ এবং MS Excel-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম হতে হবে।

সহকারী টেকনিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা:-প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে Diploma in Electrical Engineering (Power)/Diploma in Telecommunication/ Diploma in Computer Science/ Computer Engineering পাশ এবং ইলেকট্রনিক্স যন্ত্রপাতি মেরামত এবং রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। প্রার্থীকে অবশ্যই আধুনিক ইলেকট্রনিক্স যন্ত্রপাতি স্থাপনে পারদর্শী, এর দোষ ত্রুটি নিরূপণ এবং নিজ হাতে তা মেরামতের যোগ্যতা সম্পন্ন হতে হবে।

বি: দ্র:-অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন ১ টি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত হয়েছেন অথবা ডিগ্রি অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।

সকল পদের জন্য প্রযোজ্য:- এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-2) ফরমে সকল অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও যোগদানের তারিখ উল্লেখ পূর্বক ১২ সেট আবেদনপত্র রেজিস্ট্রার-এর বরাবরে জমা দিতে হবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পট্রোলার BUET-এর অনুকূলে প্রদেয় ৳:৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পট্রোলার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করত: প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সনদ এবং NID-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করতে হবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/ বিভাগ গ্রহণযোগ্য নয়। এছাড়া নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হবে:

ক) চিঠি পাঠানোর ঠিকানাসমেত ১টি ফিরতি খাম আবেদনের সাথে প্রার্থীকে জমা দিতে হবে।
খ) আবেদনে উল্লিখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে জমাকৃত সার্টিফিকেট ও মার্কশিট এর কপি সমূহের মূলকপি যাচাইকালে কোন অসংগত/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে।
গ) অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর বুয়েটের কোন চাকরির জন্য আবেদন করলে তা বিবেচিত হবেনা।

বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page হতে সংগ্রহ করা যাবে। নিয়োগ পরীক্ষায়/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. মো: ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অ:দা:)

নং সংস্থা/ব-৫৯/রে-৪৪৫৮(৭০) তারিখ: ২৯ মার্চ ২০২২

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ):-

১। ডীন, সকল অনুষদ, বা.প্র.বি, ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা.প্র.বি, ঢাকা।
৩। পরিচালক, বুয়েট-আই.সি.টি সেল, বা.প্র.বি, ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সিনিয়র প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বা.প্র.বি, ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য)।